# নির্বাচন প্রস্তুতিতে সন্তুষ্ট রাষ্ট্রপতি, ইসিকে সর্বাত্মক সহযোগিতার আশ্বাস



সংগৃহীত ছবি

তফসিল ঘোষণার আগে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের সঙ্গে সাক্ষাৎ করেছেন প্রধান নির্বাচন কমিশনার এ এম এম নাসির উদ্দিন। রাষ্ট্রপতি সুষ্ঠু নির্বাচন আয়োজনের জন্য সব ধরনের সহযোগিতার আশ্বাস দিয়েছেন।

মূল সংবাদ

বুধবার (১০ ডিসেম্বর) দুপুরে বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে বৈঠক করেন প্রধান নির্বাচন কমিশনার নাসির উদ্দিনের নেতৃত্বে নির্বাচন কমিশনের প্রতিনিধি দল। বৈঠকে আসন্ন জাতীয় সংসদ নির্বাচনের সার্বিক প্রস্তুতি, ভোটার তালিকার হালনাগাদ, রাজনৈতিক দলের নিবন্ধন এবং নির্বাচনের দিন গণভোট আয়োজনের সম্ভাবনা বিষয়ে রাষ্ট্রপতিকে অবহিত করা হয়।

বৈঠকে রাষ্ট্রপতি সন্তোষ প্রকাশ করেন এবং বলেন, সুষ্ঠু ও শান্তিপূর্ণ নির্বাচন নিশ্চিত করতে রাষ্ট্রপতির কার্যালয় প্রয়োজনীয় সব ধরনের সহযোগিতা করবে। এছাড়া ভোটগ্রহণের সময় এক ঘণ্টা বাড়ানোসহ ইসির অন্যান্য প্রস্তুতির বিষয়ে রাষ্ট্রপতিকে বিস্তারিত জানানো হয়।

রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ শেষে ইসির প্রতিনিধি দল নির্বাচন ভবনে ফিরে কমিশনের গুরুত্বপূর্ণ বৈঠকে অংশ নেবে। এ বৈঠকের পর ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের তফসিল ঘোষণার সময় চূড়ান্ত হওয়ার কথা। আজ বিকেল ৪টায় সিইসির ভাষণ রেকর্ডের জন্য বাংলাদেশ টেলিভিশন ও বেতারকে ডাকা হয়েছে, যা প্রচলিত রেওয়াজ অনুযায়ী তফসিল ঘোষণার দিনই সম্পন্ন হয়।